# বনানী, মহাখালী, বারিধারা ও মিরপুর ডিওএইচএস পরিষদ কার্যনির্বাহী কমিটি নির্বাচন-২০২৫ এর আচরণবিধি

| | | | |
|---|---|---|---|
| ১। | কোন প্রতিষ্ঠানে চাঁদা, অনুদান ইত্যাদি নিষিদ্ধ | ঃ | কোন প্রার্থী বা তাহার পক্ষ হইতে অন্য কোন ব্যক্তি নির্বাচন পূর্ব সময়ে তাহার নির্বাচনী এলাকা বা অন্য কোন এলাকায় অবস্থিত কোন প্রতিষ্ঠানে প্রকাশ্যে বা গোপনে কোন প্রকার চাঁদা বা অনুদান প্রদান করিতে বা প্রদানের অঙ্গীকার করিতে পারিবেন না। |
| ২। | প্রচারণার সময় | ঃ | প্রার্থীদের বৈধ তালিকা প্রকাশের পর হতে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ নির্বাচনী প্রচারণা শুরু করিতে পারিবেন এবং ভোট গ্রহণের তারিখের ৪৮(আটচল্লিশ) ঘন্টা পূর্বে অথবা কর্তৃপক্ষের নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচনী প্রচারণা বন্ধ করিতে হইবে। |
| ৩। | প্যানেল ঘোষণা সংক্রান্ত বাধা নিষেধ | ঃ | নির্বাচনের জন্য কোন প্রার্থী কোন প্যানেল ঘোষণা করিতে পারিবেন না। |
| ৪। | প্রচারণা সংক্রান্ত বাধা নিষেধ | ঃ | নির্বাচনী প্রচারণার ক্ষেত্রে সকল প্রার্থী এবং প্রার্থীর পক্ষে প্রচারণায় অংশগ্রহণকারী অন্যান্য ব্যক্তিকে যেসব নীতিমালা অনুসরণ করিতে হইবে তাহা নিম্নরূপঃ-<br>(১) সভা সমিতি অনুষ্ঠান সংক্রান্ত বাধা-নিষেধ:- নির্বাচনের উদ্দেশ্যে-<br>(ক) পথসভা ও ঘরোয়া সভা ব্যতীত কোন জনসভা বা শোভাযাত্রা করা যাইবে না;<br>(খ) জনগণের চলাচলের বিঘ্ন সৃষ্টি করিতে পারে এইরূপ কোন সড়কে প্রার্থীর পক্ষে কোন ব্যক্তি পথসভা করিতে পারিবেন না বা তদুদ্দেশ্যে কোন মঞ্চ তৈরী করিতে পারিবেন না;<br>(গ) প্রচারণার ক্ষেত্রে কোন প্রার্থী প্রতিপক্ষের পথসভা বা ঘরোয়া সভা বা অন্যান্য প্রচারাভিযান পন্ড বা উহাতে বাধা প্রদান করিতে পারিবেন না;<br>(ঘ) নির্বাচনী প্রচারণায় কোন পোষ্টার ছাপানো যাইবে না এবং কোন প্রার্থী একক ছবি সম্বলিত ৮X৬ ইঞ্চি মাপের উর্দ্ধে কোন লিফলেট ছাপাতে পারিবেন না ;<br>(ঙ) কোন প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি স্থাপনাসমূহের দেওয়াল বা বেড়া এবং যানবাহনে কোন প্রকার লিফলেট লাগাইতে পারিবেন না;<br>(চ) ভোট গ্রহণের পূর্বে প্রার্থীগণ কর্তৃক ভোটারগণকে ভোটার স্লিপ প্রদান করিতে পারিবেন;<br>(ছ) প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীদের তথ্য প্রচারণার জন্য বৈধ প্রার্থীদের ছবিসহ তালিকা প্রধান নির্বাচন কমিশন ব্যতীত অন্য কোন ব্যক্তি/সংস্থা ডিওএইচএস এলাকার উন্মুক্ত স্থানে কোন নির্বাচনী প্রচারের জন্য ব্যবহার করিতে পারিবেন না।<br>(জ) সংশ্লিষ্ঠ ডিওএইচএস-এ বসবাসরত ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি কোন প্রার্থীর পক্ষে প্রচারণা করিতে পারিবেন না। |
| ৫। | স্থির/ভিডিও চিত্র ধারণ সংক্রান্ত বাধা নিষেধ | ঃ | ভোট কেন্দ্র ও বুথের অভ্যন্তরে প্রার্থী/ভোটার কর্তৃক কোন স্থির/ভিডিও চিত্র ধারণ করিতে পারিবেন না; |
| ৬। | ভোট কেন্দ্রে প্রার্থী এবং ভোটারগণের প্রবেশ সংক্রান্ত বাধা নিষেধ | ঃ | (ক) ভোটার এবং নির্বাচন কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্য কেউ ভোট কেন্দ্রে পবেশ করিতে পারিবেন না; তবে বয়স্ক কিংবা অসুস্থ ভোটারগণের জন্য Wheel Chair সহযোগী থাকিতে পারিবেন;<br>(খ) ভোট কেন্দ্রে প্রার্থীগণের কোন প্রতিনিধি উপস্থিত থাকিতে পারিবেন না;<br>(গ) ভোট প্রদান ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে কোন প্রার্থী ভোট কেন্দ্রের নির্ধারিত সীমার মধ্যে এবং ভোট গ্রহণ বুথে প্রবেশ করিতে পারিবেন না। |
| ৭। | নির্বাচনী ক্যাম্প বা অফিস স্থাপন সংক্রান্ত বাধা-নিষেধ | ঃ | প্রতিদ্বন্দ্বী কোন প্রার্থী নির্বাচনী ক্যাম্প বা অফিস স্থাপন করিতে পারিবেন না; |
| ৮। | যানবাহন ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ | ঃ | কোন প্রার্থীর পক্ষে-<br>(ক) কোন ভোটকেন্দ্রে বা ভোটকেন্দ্র হইতে ভোটারদের আনা নেওয়ার জন্য যে কোন প্রকার যানবাহন বা জলযান ভাড়া করা যাইবে না বা ব্যবহার করা যাইবে না;<br>(খ) নির্বাচনে শান্তি-শৃঙ্খলা রক্ষার সুবিধার্থে প্রধান নির্বাচন কমিশনার কর্তৃক অনুমোদিত ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি কর্তৃক ভোটকেন্দ্রের নির্ধারিত চৌহদ্দির মধ্যে, মোটর সাইকেল, বাই-সাইকেল, রিক্সা বা অন্য কোন যান্ত্রিক যানবাহন চালাইতে পারিবেন না ; |
| ৯। | গেইট, তোরণ বা ঘর নির্মাণ, প্যান্ডেল বা ক্যাম্প স্থাপন ও আলোকসজ্জাকরণ সংক্রান্ত বাধা-নিষেধ | ঃ | কোন প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি-<br>(ক) নির্বাচনী প্রচারণাকালে কোন গেইট, তোরণ বা ঘর নির্মাণ করিতে পারিবেন না বা চলাচলের পথে কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করিতে পারিবেন না;<br>(খ) নির্বাচনের দিন ভোটারদের সুবিধার্থে ক্যান্টনমেন্ট বোর্ড ব্যতীত কোন প্রার্থী/ব্যক্তি কোন বিশ্রাম/বসার স্থান/ প্যান্ডেল তৈরী করিতে পারিবেন না;<br>(গ) নির্বাচনী প্রচারণার অংশ হিসাবে প্রার্থী কোন প্রকার আলোকসজ্জা করিতে পারিবেন না;<br>(ঘ) কোন সড়ক কিংবা জনগণের চলাচল ও সাধারণ ব্যবহারের জন্য নির্ধারিত স্থানে নির্বাচনী ক্যাম্প বা অফিস স্থাপন করিতে পারিবেন না; |
| ১০। | প্রচারণামূলক বক্তব্য, খাদ্য পরিবেশন উপঢৌকন প্রদান সংক্রান্ত বাধা-নিষেধ | ঃ | কোন প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি-<br>(ক) নির্বাচনী প্রচারণার জন্য প্রার্থীর ছবি বা প্রার্থীর পক্ষে প্রচারণামূলক কোন বক্তব্য বা কোন ছবি বা চিহ্ন সম্বলিত শার্ট, জ্যাকেট ফতুয়া, ইত্যাদি ব্যবহার করিতে পারিবেন না;<br>(খ) নির্বাচনী ক্যাম্পে ভোটারগণকে কোনরূপ পানীয় বা খাদ্য পরিবেশন করিতে পারিবেন না;<br>(গ) ভোটারগণকে কোনরূপ উপঢৌকন, বকশিস ইত্যাদি প্রদান করিতে পারিবেন না; |

| | | | |
|---|---|---|---|
| ১১। | উষ্কানিমূলক বক্তব্য বা বিবৃতি প্রদান এবং উচ্ছৃঙ্খল আচরণ সংক্রান্ত বাধা-নিষেধ | ঃ | কোন প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি-<br>(ক) নির্বাচনী প্রচারণাকালে ব্যক্তিগত চরিত্র হনন করিয়া বা কোন ধরনের তিক্ত বা উষ্কানিমূলক কিংবা লিঙ্গ সাম্প্রদায়িকতা বা ধর্মানুভূতিতে আঘাত লাগিতে পারে এইরূপ কোন বক্তব্য প্রদান করিতে পারিবেন না;<br>(খ) নির্বাচন উপলক্ষে কোন নাগরিকের জমি, ভবন বা অন্য কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তির কোনরূপ ক্ষতিসাধন করিতে পারিবেন না;<br>(গ) অনভিপ্রেত গোলযোগ ও উচ্ছৃঙ্খল আচরণ দ্বারা কাহারও শান্তি ভঙ্গ করিতে পারিবেন না; |
| ১২। | বিস্ফোরক দ্রব্য বহন সংক্রান্ত বাধা-নিষেধ | ঃ | প্রধান নির্বাচন কমিশনার কর্তৃক অনুমোদিত ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি ভোটকেন্দ্রের নির্ধারিত চৌহদ্দির মধ্যে অস্ত্র বা বিস্ফোরক দ্রব্য এবং **Arms Act, ১৮৭৮ (Act No.XI of ১৮৭৮)** এর ধারা ৮ এ **arms** এর সংজ্ঞায় উল্লেখিত **fire-arms** বা অন্য কোন **arms** বহন করিতে পারিবেন না; |
| ১৩। | ধর্মীয় উপাসনালয়ে প্রচারণা সংক্রান্ত বাধা-নিষেধ | ঃ | কোন প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি মসজিদ, মন্দির, গীর্জা বা অন্য কোন ধর্মীয় উপাসনালয়ে কোন প্রকার নির্বাচনী প্রচারণা চালাইতে পারিবেন না; |
| ১৪। | কমিশন কর্তৃক প্রার্থিতা বাতিল | ঃ | (১) এই নীতিমালায় যাহাই কিছুই থাকুক না কেন, যদি কোন উৎস হইতে প্রাপ্ত তথ্যাদি কিংবা লিখিত প্রতিবেদন হইতে প্রধান নির্বাচন কমিশনারের নিকট প্রতীয়মান হয় যে, প্রতিদ্বন্দ্বী কোন প্রার্থী এই নীতিমালার কোন নির্দেশ লংঘন করিয়াছেন বা লংঘনের চেষ্টা করিয়াছেন এবং অনুরূপ লংঘন বা লংঘনের চেষ্টার জন্য তিনি যে কোন পদের সদস্য নির্বাচিত হইবার অযোগ্য হইতে পারেন, তাহা হইলে প্রধান নির্বাচন কমিশনার বিষয়টি সম্পর্কে তাৎক্ষনিক তদন্তের নির্দেশ প্রদান করিতে পারিবেন।<br>(২) তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর প্রধান নির্বাচন কমিশনার যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর স্বীয় নির্দেশে বা তাহার পক্ষে তাহার সাথে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে সম্পৃক্ত অন্য কোন ব্যক্তি এই নীতিমালার কোন নীতি/নির্দেশনা লংঘন করিয়াছেন বা লংঘনের চেষ্টা করিয়াছেন এবং অনুরূপ লংঘন বা লংঘনের চেষ্টার জন্য তিনি যে কোন পদে নির্বাচিত হইবার অযোগ্য বিবেচিত হইতে পারেন, তাহা হইলে প্রধান নির্বাচন কমিশনার লিখিত আদেশ দ্বারা, উক্ত প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রার্থিতা বাতিল করিতে পারিবেন।<br>(৩) এ সংক্রান্ত আদেশ সংশ্লিষ্ট প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে সেনাসদর কিউএমজির শাখা, সংশ্লিষ্ট এরিয়া সদর দপ্তর এবং স্টেশন সদর দপ্তরকে যথাশীঘ্র সম্ভব অবহিত করিবেন। |
| ১৫। | নির্বাচন পর্যবেক্ষক নিয়োগ | ঃ | নির্বাচনী কার্যক্রম যথাযথ ভাবে পর্যবেক্ষণ করার জন্য সেনাসদর কিউএমজি'র শাখার সুপারিশ ব্যতীত অন্য কোন ব্যক্তি বা সংস্থা নির্বাচনী পর্যবেক্ষক নিয়োগের জন্য প্রধান নির্বাচন কমিশনার এর নিকট আবেদন করিতে পারিবেন না। |
| ১৬। | ভোটাধিকার প্রয়োগ | ঃ | (১) কোন ব্যক্তির একাধিক ফ্ল্যাটের মালিকানা থাকিলেও নির্দিষ্ট ডিওএইচএস এর ক্ষেত্রে তিনি কেবলমাত্র একবারই ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবেন।<br>(২) কোন ফ্ল্যাটের মালিকানা যৌথভাবে নির্ধারিত হইলে দাপ্তরিক রেকর্ড অনুযায়ী যাহার নাম সর্বপ্রথম লিপিবদ্ধ থাকিবে কেবলমাত্র তিনি ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবেন।<br>(৩) ১৮ বৎসরের নিচে কোন প্লট/ফ্ল্যাটের মালিক প্রাপ্ত বয়স্ক না হলে ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবেন না।<br>(৪) সরকারী সংস্থা কর্তৃক ইস্যুকৃত ছবি সম্বলিত যে কোন পরিচয়পত্র (জাতীয় পরিচয়পত্র, সেনাবাহিনী কর্তৃক ইস্যুকৃত পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট) প্রদর্শন ব্যতীত কোন ভোটার ভোট প্রদান করিতে পারিবেন না। |
| ১৭। | দূরবর্তী ভোট প্রদান পদ্ধতি | ঃ | স্বশরীরে উপস্থিতি ব্যতীত কোন ভোটার ভোট প্রদান করিতে পারিবেন না। |

২৬.৫.২৫

(মোঃ শেখ শহিদুল ইসলাম)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।
ও
সদস্য সচিব
বনানী, মহাখালী, বারিধারা ও মিরপুর ডিওএইচএস পরিষদ
কার্যনির্বাহী কমিটি নির্বাচন-২০২৫